

শিক্ষাক্রম ২০২২

ষাণ্মাসিক সাময়িক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : ইসলাম শিক্ষা | সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক
শিখন

যোগ্যতাভিত্তিক

শিখনকালীন
মূল্যায়ন

সহযোগিতামূলক

একীভূত



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সপ্তম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে
শিক্ষকদের জন্য নির্দেশনা

বিষয় : ইসলাম শিক্ষা

শিক্ষাবর্ষ : ২০২৩

সপ্তম শ্রেণির ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

সপ্তম শ্রেণির ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ২টি যোগ্যতা (যোগ্যতা-১ ও ২) থেকে ২টি পারফরমেন্স ইনডিকেটর (PI) এর ওপর মূল্যায়ন করা হবে। এই সামষ্টিক মূল্যায়নের জন্য ৩টি প্রস্তুতিমূলক সেশন এবং একটি চূড়ান্ত মূল্যায়ন দিবসের প্রয়োজন হবে। চূড়ান্ত মূল্যায়ন দিবসের অন্তত ৭ দিন পূর্বে প্রস্তুতিমূলক সেশন অনুষ্ঠিত হবে।

কার্যক্রম:

কাজ-১: মহান আল্লাহর পরিচয় ও প্রশংসামূলক (বিশেষত তাওহিদ, রিসালাত ও আখিরাতে সংশ্লিষ্ট) বিভিন্ন ইসলামি সঙ্গীত পরিবেশনের মাধ্যমে ইসলামি আকিদাহ গঠন। (একক কাজ)

কাজ-২: সঠিকভাবে সাওম পালন ও যাকাত আদায়ের শিক্ষা কিভাবে মানুষে মানুষে ভেদাভেদ দূর করতে পারে তার উপর নাটিকা প্রস্তুত ও উপস্থাপন (দলগত কাজ)

তিনটি প্রস্তুতিমূলক সেশনে কাজ-১ এবং চতুর্থ সেশনে কাজ ২ বাস্তবায়নে শিক্ষকের প্রতি নির্দেশনা

- কাজ -১ (হামদ, না'ত বা অন্য কোনো ইসলামি সঙ্গীত পরিবেশন) এর জন্য শিক্ষার্থীদেরকে প্রস্তুতিমূলক সেশনে অবগত করবেন।।
- প্রস্তুতিমূলক সেশনের তৃতীয় দিনে কাজ -১ সম্পন্ন করবেন।
- কাজ -১ এর বিষয়বস্তু নির্বাচনে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। এক্ষেত্রে সরাসরি আল্লাহর পরিচয়, তাঁর মহিমার প্রশংসা এবং রাসুলুল্লাহ (সা.) এর প্রশংসামূলক বিষয়গুলো বিবেচনায় রাখবেন যেগুলো আবার একই সাথে তাওহিদ, রিসালাত এর জ্ঞানের অন্তর্ভুক্ত।
- কাজ -১ প্রচলিত প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের মতো হবে না। তাই কোন একটি নির্দিষ্ট একটি হামদ/ না'ত বা ইসলামি সঙ্গীতের মধ্যে সীমাবদ্ধ থাকবে না।
- প্রতি শিক্ষার্থীকে কেবল একটি হামদ/না'ত বা ইসলামি সঙ্গীত পরিবেশনের মাধ্যমে মূল্যায়ন করবেন।
- কাজ -১ মূল্যায়নে শিক্ষার্থীর ভাল কণ্ঠস্বর বা সুরই যেন বেশি প্রাধান্য না পায় সেদিকে খেয়াল রেখে মূল্যায়ন করবেন।
- হামদ, না'ত বা ইসলামি সঙ্গীত নির্বাচনে আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত হামদ, না'ত গুলোকে বিবেচনায় রাখতে পারেন। তবে তা বাধ্যতামূলক নয়।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে কাজ-১ এ বিকল্প কৌশল যেমন- লিখে বা অন্য কোন উপায়ে উপস্থাপন করার ব্যবস্থা রাখবেন।
- বিবেচিত হামদ, না'ত এর উদাহরণ হতে পারে যেমন- হে খোদা দয়াময় রাহমান ও রাহীম, হে বিরাট, হে মহান, হে অনন্ত অসীম..."; "আল্লাহ, আল্লাহ, তুমি জাল্লি জালালুহ....."; "রাসুল নামের কে এলো মদিনায়..."; "ত্রিভূবনের প্রিয় মুহাম্মাদ এলোরে দুনিয়ায়... ইত্যাদি।
- কাজ ২ এর উপস্থাপনে যথাসম্ভব বিনামূল্যের উপকরণ ব্যবহার করতে নির্দেশনা দিবেন। শিক্ষার্থীদের মনে করিয়ে দিবেন, মডেল/ পোস্টার/ ছবি ইত্যাদির চাকচিক্যে মূল্যায়নের হেরফের হবে না। বরং বিনামূল্যের বা স্বল্পমূল্যের উপকরণ ব্যবহারে উৎসাহ দিন।
- প্রযোজ্য ক্ষেত্রে দলে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীকে অন্যান্য শিক্ষার্থীরা প্রয়োজনীয় সহযোগিতা করবে।

কাজ-২ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত ধারাবাহিকতা অনুসরণ করবেন:

কাজ -২ (দলগতভাবে নাটিকা উপস্থাপন) এর ক্ষেত্রে মূল্যায়ন উৎসবের অন্তত ৭ দিন পূর্বে শিক্ষক ৩টি সেশন নির্ধারণ করে দিবেন। এ সেশনগুলোতে শিক্ষার্থীরা শিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে নিম্নোক্ত ১ থেকে ৩ নং কাজগুলো করবে। ৪ নং কাজটি শিক্ষার্থীরা ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য নির্ধারিত দিনে উপস্থাপন করবে।

১। শিক্ষার্থীরা পাঠ্যবই এর ৪২ পৃষ্ঠায় উল্লেখিত 'মানবতার গুণাবলি বিকাশে সাওমের ভূমিকা', ৪৬ পৃষ্ঠায় উল্লেখিত 'যাকাতের তাৎপর্য' এবং ৪৭ পৃষ্ঠায় উল্লেখিত 'যাকাতের ধর্মীয় গুরুত্ব', 'যাকাতের সামাজিক গুরুত্ব' এবং 'যাকাতের অর্থনৈতিক গুরুত্ব' অংশগুলো নিজেরা ভালোভাবে পড়বে।

২। সঠিকভাবে সাওম পালন ও যাকাত আদায়ের মাধ্যমে কিভাবে মানুষে মানুষে ভেদাভেদ দূর হতে পারে সে সম্পর্কে শিক্ষার্থীরা দলগত আলোচনা করবে। এক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থীদের যথাযথ সহায়তা প্রদান করবেন।

৩। শিক্ষার্থীদের আলোচনার ভিত্তিতে শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা ছোট ছোট কয়েকটি নাটিকার স্ক্রিপ্ট বা পরিকল্পনা প্রস্তুত করবে এবং সে অনুসারে নাটিকার মহড়া করবে। শিক্ষক প্রয়োজনীয় সহায়তা করবেন।

৪। শিক্ষার্থীদের প্রস্তুতকৃত নাটিকাগুলো ষাণ্মাসিক সামষ্টিক চূড়ান্ত মূল্যায়ন দিবসে শিক্ষার্থীরা দলগতভাবে উপস্থাপন করবে। প্রতি দলে শিক্ষার্থী সংখ্যা নাটিকার স্ক্রিপ্ট এবং এ শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বিবেচনা করে শিক্ষক নির্ধারণ করে দিবেন।

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের প্রতি নিম্নোক্ত নির্দেশনা প্রদান করতে হবে:

- দলগত কাজের ক্ষেত্রে দলের সদস্যদের মাঝে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি ও বজায় রেখে স্বতঃস্ফূর্ততা ও পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে বিভিন্ন কাজে সবাই অংশগ্রহণ করবে।
- শিক্ষার্থীদের পূর্বেই জানিয়ে দিবেন যে দলগত কাজে তাদের মাঝে পারস্পরিক সহযোগিতা, বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, অন্যের আত্ম-মর্যাদা ও মতামতের প্রতি শ্রদ্ধা রেখে কাজ সম্পন্ন করতে পারার যোগ্যতা-এগুলোও তাদের মূল্যায়নে বিবেচিত হবে।
- দলগত উপস্থাপনার ক্ষেত্রে এর শৃংখলা এবং সার্বিক কর্ম-কুশলতা (যেমন- ধারাবাহিকতা, উপস্থাপনার ভঙ্গি, ভাষার ব্যবহার ইত্যাদি) মূল্যায়নে বিবেচনা করা হবে।
- কাজ ২ উপস্থাপনে যথাসম্ভব বিনামূল্যের বা স্বল্পমূল্যের উপকরণ ব্যবহারের দক্ষতা/যোগ্যতা বিবেচনা করা হবে।
- দলে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী থাকলে তার প্রতি দলের অন্যদের আচরণ ও সহযোগিতার মান বিবেচনা করা হবে।

মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার মানদণ্ড এবং মাত্রার পরিমাপ:

একক যোগ্যতা	পারদর্শিতা সূচক (PI) নং	পারদর্শিতার সূচক	পারদর্শিতার মাত্রা		
			□	○	△
৭.১ ধর্মীয় উৎসসমূহ থেকে ইসলামের মৌলিক জ্ঞান আহরণ করে কুরআন ও হাদিসের (বেয়স উপযোগি) নির্দেশনা অনুসরণ করতে পারা।	৭.১.১	শিক্ষার্থী কুরআন ও হাদিস থেকে আকাইদের মৌলিক জ্ঞান আহরণ করে উপলব্ধি প্রকাশ করছে	শিক্ষার্থী আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি সাধারণভাবে লিখে, বলে বা অন্য কোন উপায়ে প্রকাশ করছে	শিক্ষার্থী আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি উদাহরণসহ নিজের ভাষায় প্রকাশ করছে	শিক্ষার্থী আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি ব্যাখ্যা- বিশ্লেষণ করে প্রকাশ করছে
			সামষ্টিক মূল্যায়নে যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে		
			শিক্ষার্থী হামদ না'ত বা ইসলামি বিশ্বাস সংক্রান্ত কোন সঙ্গীত সাধারণভাবে পরিবেশন করে আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি প্রকাশ করেছে	শিক্ষার্থী হামদ না'ত বা ইসলামি বিশ্বাস সংক্রান্ত কোন সঙ্গীত মর্ম উপলব্ধি সহকারে পরিবেশন করে আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি প্রকাশ করেছে	শিক্ষার্থী হামদ না'ত বা ইসলামি বিশ্বাস সংক্রান্ত অন্য কোন সঙ্গীত উপলব্ধি আবেগ, অনুভূতি ভক্তি ও শ্রদ্ধার সাথে তাল, লয় ও ছন্দ বজায় রেখে পরিবেশন করে আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি প্রকাশ করেছে
ইসলামের মৌলিক উৎস থেকে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে ইসলামি বিধি-বিধান চর্চা করতে পারা।	৭.২.১	শিক্ষার্থী তার পক্ষে সম্ভবপর ইসলামী মৌলিক বিধি-বিধান চর্চা করছে	শিক্ষার্থী বিধি-বিধানগুলো শিক্ষকের নির্দেশ অনুসারে শিখন পরিবেশে অনুসরণ করছে	শিক্ষার্থী বিধি-বিধানগুলোর তাৎপর্য অনুধাবন করে শিক্ষকের নির্দেশ ছাড়া শিখন পরিবেশে অনুসরণ করছে	শিক্ষার্থী বিধি-বিধানগুলোর শিক্ষা অনুধাবন করে স্বপ্রণোদিত হয়ে ব্যক্তি জীবনে আচরণের মাধ্যমে প্রকাশ করছে
			সামষ্টিক মূল্যায়নে যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে		
			শিক্ষার্থী সাওম পালন এবং যাকাত আদায় সম্পর্কে সহপাঠীদের লিখিত নাটিকায় অংশগ্রহণ করছে	শিক্ষার্থী সাওম পালন এবং যাকাত আদায়ের গুরুত্ব উপলব্ধি করে সেই সম্পর্কিত একটি নাটিকার স্ক্রিপ্ট লিখছে	শিক্ষার্থী সাওম পালন এবং যাকাত আদায়ের শিক্ষাকে কাজে লাগিয়ে কিভাবে মানুষে মানুষে ভেদাভেদ দূর করা যায় তা দেখিয়ে নাটিকার স্ক্রিপ্ট লিখে সেই অনুসারে নাটিকা উপস্থাপন করছে

শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৩ এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ইসলাম শিক্ষা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (\square \circ \triangle) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ (\triangle) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ (\triangle) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত (\circ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ (\square) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

পরিশিষ্ট ১

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

প্রতিষ্ঠানের নাম :

তারিখ:

শ্রেণি : ৭ম

বিষয় : ইসলাম শিক্ষা

শিক্ষকের নাম ও স্বাক্ষর :

প্রযোজ্য PI/BI নং

রোল নং	নাম										
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△

পরিশিষ্ট ২

আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ১ এর ছক ব্যবহার করেই আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

আচরণিক সূচক	শিক্ষার্থীর অর্জনের মাত্রা		
	□	○	△
১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে	দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে
২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে	দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে	নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে	নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত □□□স্তাযায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে
৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে	নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না	পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না	নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে
৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে
৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে	সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে
৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে
৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে	এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না	দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে	নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে

<p>৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে</p>
<p>৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে</p>	<p>প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে</p>
<p>১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে</p>

পরিশিষ্ট ৩

ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

প্রতিষ্ঠানের নাম			
শিক্ষার্থীর নাম			
শিক্ষার্থীর আইডি:	শ্রেণি: ৭ম	বিষয়: ইসলাম শিক্ষা	শিক্ষকের নাম :

পারদর্শিতার সূচকের মাত্রা			
পারদর্শিতার সূচক	শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা		
৭.১.১ শিক্ষার্থী কুরআন ও হাদিস থেকে আকাইদের মৌলিক জ্ঞান আহরণ করে উপলব্ধি প্রকাশ করছে	□	○	△
	শিক্ষার্থী আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি সাধারণভাবে লিখে, বলে বা অন্য কোন উপায়ে প্রকাশ করছে	শিক্ষার্থী আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি উদাহরণসহ নিজের ভাষায় প্রকাশ করছে	শিক্ষার্থী আকাইদের মৌলিক জ্ঞান ও উপলব্ধি ব্যাখ্যা-বিশ্লেষণ করে প্রকাশ করছে
৭.২.১ শিক্ষার্থী তার পক্ষে সম্ভবপর ইসলামি মৌলিক বিধি-বিধান চর্চা করছে	□	○	△
	শিক্ষার্থী বিধি-বিধানগুলো শিক্ষকের নির্দেশ অনুসারে শিখন পরিবেশে অনুসরণ করছে	শিক্ষার্থী বিধি-বিধানগুলোর তাৎপর্য অনুধাবন করে শিক্ষকের নির্দেশ ছাড়া শিখন পরিবেশে অনুসরণ করছে	শিক্ষার্থী বিধি-বিধানগুলোর শিক্ষা অনুধাবন করে স্বপ্রণোদিত হয়ে ব্যক্তি জীবনে আচরণের মাধ্যমে প্রকাশ করছে



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ